


Pub. Dept

তারিখ ... ২৭ OCT ১৯৪৬ ...  
... ৫ ... ৭ ...

দৈনিক ইনকিলাব



025

# মতামত

আপনার বহুল প্রচলিত দৈনিক ইনকিলাব পত্রিকায় গত ১৬ অক্টোবর তারিখে প্রকাশিত 'কি ধরনের ভাসিটি এটা?' শীর্ষক সম্পাদকীয়টির জন্য আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আমি একজন গরীব চাকরিজীবী। জানি না, কি অভিশাপে আমার দুটি ছেলেকে পড়তে দিয়েছিলাম

ভাসিটিতে। সেই ১৯৮২ সাল থেকে এ পর্যন্ত এ দুটি ছেলের পেছনে ব্যয় করছি আমার কষ্টার্জিত আয়। আর বাকী ছেলে-মেয়েদের নিয়ে অতিকষ্টে করছি দিনাতিপাত। কিন্তু ৩ বছরের অনার্স আর শেষ হয় না। কি করে শেষ হবে, মনে হয়, লর্ড কর্ণওয়ালিসের চিরস্থায়ী বন্দোবস্ত

নিয়ে জুড়ে রয়েছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, সিন্ডিকেট এবং পরিচালকমণ্ডলীর সদস্যগণ। মনে করেছিলাম নিজে কষ্ট করে হলেও ছেলেদেরকে উচ্চ শিক্ষায় শিক্ষিত করে আমাদের গরীব মানুষের

**প্রসঙ্গ: কি ধরনের ভাসিটি এটা?**  
—মোঃ আবুল কাশেম

মঙ্গলের জন্য ছেড়ে দেব। কিন্তু সব আশা-ভরসা শেষ করে দিল ঐ শিক্ষকমণ্ডলী। তারা উচ্চ পদে, উচ্চ বেতনে এবং ক্যাম্পাসের মধ্যে

আরামদায়ক বাসভবনে থেকেও আমাদের দেশের উচ্চ শিক্ষাকে ধ্বংস করতে চায়। তাদের চাকরির মেয়াদ বৃদ্ধি, বেতন বৃদ্ধি প্রভৃতি বিভিন্ন অজুহাতে অযথা দাবী নিয়ে বন্ধ করে দিয়েছে আমাদের ছেলেদের উচ্চ শিক্ষার আকাংখা। এসব অযৌক্তিক দাবী তুলে তারা উচ্চ শিক্ষাকে চিরতরে ধ্বংস করে দিতে যেন প্রতিশ্রুতিবদ্ধ। বহিরাগত ছাত্রদের মাধ্যমে বিশ্ববিদ্যালয় অঙ্গনে অল্প আমদানীর প্রলেপও নাকি শিক্ষকরা দায়ী বলে  
৪-এর পৃঃ দেখুন

## কি ধরনের ভাসিটি

৫-এর পৃষ্ঠার পর

অনেকের মনে সন্দেহ। এসব কারণে আজ বিশ্ববিদ্যালয়ে ৩ বছরের অনার্স কোর্স ৬ বছরে শেষ হয়। তার পরেও রয়েছে ছাত্রদের ক্লাস পাওয়ার ব্যাপারটি। এটি সম্পূর্ণ নির্ভর করে ছাত্রের সাথে শিক্ষকের সম্পর্কের উপর। পরীক্ষায় ক্লাস পাওয়ার ব্যাপারটির সাথেও নাকি শিক্ষকের অদৃশ্য কারসাজি রয়েছে বলে অভিযোগ পাওয়া যায়। আমার মত হাজার হাজার অভিভাবক মনের দুঃখে দিন কাটাচ্ছেন, কিন্তু পথ পাচ্ছেন না মনের আবেগ ব্যক্ত করতে। তাই আজ আপনার 'ইনকিলাব' পত্রিকায় 'কি ধরনের ভাসিটি এটা?' পড়ে দেখলাম, আমি বিগত ১ বছর ধরে যে চিন্তা-ভাবনা করছিলাম, যে বক্তব্য দেশবাসীকে জানানো বলে তার সবই প্রতিফলিত হয়েছে এ লেখায়। আমি এবং নারায়ণগঞ্জের আরো কয়েকজন অভিভাবক অত্যন্ত আনন্দিত হয়েছি এ লেখাটি পড়ে। ভবিষ্যতে বিশ্ববিদ্যালয় সম্পর্কে এ ধরনের আরো লেখা 'ইনকিলাব' পত্রিকায় দেখতে চাই। আশা করি আমাদের এ অনরোধ রক্ষা করবেন।